



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন
২০১৩-২০১৪

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০১৩-২০১৪

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নম্বর
১।	প্রথম অধ্যায় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০১-২০
২।	দ্বিতীয় অধ্যায় : যুব উন্নয়ন অধিদপ্তর	২১-৩০
৩।	তৃতীয় অধ্যায় : জাতীয় ক্রীড়া পরিষদ	৩১-৪৫
৪।	চতুর্থ অধ্যায় : বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)	৪৬-৫৫
৫।	পঞ্চম অধ্যায় : ক্রীড়া পরিদপ্তর	৫৬-৬৩

প্রথম অধ্যায়

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের গঠন ও কার্যবণ্টন

১৯৭৮ সালের ডিসেম্বর মাসে বিশেষ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে যুব উন্নয়ন মন্ত্রণালয়ের সৃষ্টি হয়। ১৯৮২ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয়কে বিলুপ্ত করে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে যুব উন্নয়ন বিভাগ সৃষ্টি করা হয়। পরবর্তীতে ১৯৮৪ সালে ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের ক্রীড়া অংশ এবং শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের যুব উন্নয়ন বিভাগকে একীভূত করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নামে একটি স্বতন্ত্র মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়।

Rules of Business ১৯৯৬ এর Schedule-1 (Allocation of Business among the different Ministries and Divisions) অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপর নিম্নবর্ণিত কার্যাদি অর্পিত হয়েছে:

১।	যুবদের কল্যাণ, প্রশিক্ষণ ও উন্নয়ন বিষয়ক কার্যাদি ;
২।	স্বৈচ্ছামূলক উন্নয়ন কাজে যুবদের অংশগ্রহণ উৎসাহিত করা ;
৩।	যুবদের কল্যাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সংযোগ রক্ষা ;
৪।	নির্দিষ্ট প্রকল্পের জন্য অর্থ মঞ্জুরি ;
৫।	যুব পুরস্কার প্রদান ;
৬।	যুবদেরকে দায়িত্বশীল ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তোলা এবং অন্যান্য মানবিক গুণাবলি অর্জনে উৎসাহ প্রদানের জন্য কর্মসূচি গ্রহণ ;
৭।	যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ ;
৮।	বেকার যুবদের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ ;
৯।	বিভিন্ন প্রকার খেলাধুলা ও ক্রীড়া উন্নয়ন জন্য কার্যক্রম গ্রহণ ;
১০।	জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান ;
১১।	ক্রীড়ার জন্য আন্তর্জাতিক সংস্থাসমূহ হতে অনুদানের ব্যবস্থাকরণ ;
১২।	বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান ;
১৩।	ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক সংস্থা ও আন্তর্জাতিক অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের ব্যবস্থাকরণ ;
১৪।	ক্রীড়াক্ষেত্রে অবদানের জন্য মেধা পুরস্কার প্রদান ;
১৫।	জাতীয় ও আন্তর্জাতিক খেলাধুলায় অংশগ্রহণের ব্যবস্থাকরণ ;
১৬।	ক্রীড়া বিষয়ক প্রকাশনার উন্নয়ন ;
১৭।	ক্রীড়া বিষয়ক জাতীয় সংস্থাসমূহ ;
১৮।	অন্যান্য দেশের সাথে ক্রীড়া দল বিনিময় ;
১৯।	ক্রীড়াবিদদের পেনশন প্রদান ;
২০।	আর্থিক বিষয়সহ সচিবালয় প্রশাসন ;
২১।	মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার প্রশাসন ও নিয়ন্ত্রণ ;
২২।	বিভিন্ন দেশ এবং বিশ্ব সংস্থার সাথে মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন চুক্তি সম্পাদন ও যোগাযোগ রক্ষা ;
২৩।	মন্ত্রণালয়ে ন্যস্ত বিষয়সমূহ সম্পর্কিত সকল আইন ;
২৪।	মন্ত্রণালয় সম্পর্কিত সকল পরিসংখ্যান ও অনুসন্ধান ;
২৫।	আদালতের আদায়যোগ্য অর্থ ব্যতীত মন্ত্রণালয় সম্পর্কিত যে কোন বিষয়ের ফি।

ভিশন

দক্ষ জনশক্তি ও কর্মসংস্থান সৃষ্টি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্য ক্রীড়ার বিকাশ

মিশন

দক্ষ ও উৎপাদনশীল যুবসমাজ গঠনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়ার উৎকর্ষ সাধন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সার্বিক দায়িত্বে রয়েছেন মাননীয় প্রতিমন্ত্রী। সচিব প্রশাসনিক প্রধান হিসাবে মন্ত্রণালয়সহ সংযুক্ত ও অধস্তন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের কার্যাদি সংশ্লিষ্ট প্রযোজ্য আইন/বিধি/নির্দেশ অনুযায়ী নিষ্পন্ন করার জন্যে দায়িত্বপ্রাপ্ত। তাছাড়া, প্রিন্সিপাল এ্যাকাউন্টিং অফিসার হিসাবে সচিব-এর উপর মন্ত্রণালয়/সংযুক্ত দপ্তর/অধস্তন সংস্থাসমূহের ব্যয়ের যথার্থতা নিশ্চিতকরণের দায়িত্ব ন্যস্ত রয়েছে।

এই মন্ত্রণালয়ের কার্যাদি নিষ্পন্ন করার জন্য রয়েছে চারটি অধিশাখা যথাঃ (১) প্রশাসন (২) যুব (৩) ক্রীড়া ও (৪) পরিকল্পনা। দুইজন যুগ্ম-সচিব শাখা/অধিশাখাসমূহের কাজের সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয় করে থাকেন। উক্ত চারটি অধিশাখার অধীনে রয়েছে ১১টি শাখা। প্রতিটি অধিশাখার দায়িত্বে একজন উপ-সচিব/উপ-প্রধান (পরিকল্পনা) এবং শাখার দায়িত্বে সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব বা সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিকল্পনা) রয়েছেন। অনুমোদিত জনবল অনুযায়ী এ মন্ত্রণালয়ে রয়েছে ২১জন প্রথম শ্রেণির, ১৯ জন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং ২০ জন তৃতীয় শ্রেণির ও ২০ জন চতুর্থ শ্রেণির কর্মচারি। মোট জনবল ৮১ জন। মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো সংলগ্নী-'ক'-তে সংযুক্ত।

প্রথম শ্রেণির কর্মকর্তাগণের বিবরণ

ক্রমিক নং	পদবী	সংখ্যা
(ক)	সচিব	১
(খ)	যুগ্ম-সচিব	৫ (৩ জন যুগ্ম-সচিব সংযুক্তি হিসেবে রয়েছেন)।
(গ)	উপ-সচিব	৩
(ঘ)	উপ-প্রধান	১
(ঙ)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	৯
(চ)	সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান	৪
(ছ)	হিসাব রক্ষণ কর্মকর্তা	১
(জ)	সহকারী প্রোগ্রামার	১
মোট=		২২ জন

